Sanatan Dharma




**12 জ্যোতির্লিঙ্গ এর সঙ্গে 12 রাশির সম্পর্ক**

# 12 জ্যোতির্লিঙ্গ এর সঙ্গে 12 রাশির সম্পর্ক

শাস্ত্র মতে ফাল্গুন মাসের কৃষ্ণ পক্ষের চতুর্দশী তিথিতে 64 টি স্থানে জ্যোতির্লিঙ্গ রূপে প্রকট হন মহাদেব। এর মধ্যে 12টি স্থান সম্পর্কে জানা যায়। এই 12 স্থানই দ্বাদশ জ্যোতির্লিঙ্গ নামে পরিচিত। এই বারোটি জ্যোতির্লিঙ্গের সঙ্গে 12টি রাশির গভীর সংযোগ রয়েছে।

1. মেষ রাশির সঙ্গে সোমনাথ জ্যোতির্লিঙ্গের সম্পর্ক বর্তমান। সোমনাথ জ্যোতির্লিঙ্গ স্থাপন করেছিলেন স্বয়ং চন্দ্র। উল্লেখ্য চন্দ্রের অপর নাম সোম। শিব চন্দ্রকে নিজের মস্তকে ধারণ করেন। তাই এটি সোমনাথ জ্যোতির্লিঙ্গ নামে প্রসিদ্ধ। মহাশিবরাত্রিতে এই জ্যোতির্লিঙ্গ দর্শন করতে পারেন।

2. অন্য দিকে মল্লিকার্জুনকে বৃষ রাশির অধিপতি মনে করা হয়। মহাশিবরাত্রিতে মল্লিকার্জুন জ্যোতির্লিঙ্গের ধ্যান ও দর্শন করলে সুফল পাওয়া যাবে। এর ফলে সৌভাগ্য বৃদ্ধি সম্ভব।

3. মহাকালেশ্বর জ্যোতির্লিঙ্গ শিবের তৃতীয় জ্যোতির্লিঙ্গ হিসেবে চিহ্নিত। মহাশিবরাত্রি তিথিতে মিথুন রাশির জাতকরা উজ্জয়িনীতে অবস্থিত মহাকালেশ্বর জ্যোতির্লিঙ্গের দর্শন করলে সুফল পাবেন।

4. জ্যোতিষ অনুযায়ী নর্মদার পাশে অবস্থিত ওংকারেশ্বর জ্যোতির্লিঙ্গের সঙ্গে কর্কট রাশির সম্পর্ক বর্তমান। কর্কট রাশিতে জন্মগ্রহণকারী ব্যক্তি

ওংকারেশ্বর জ্যোতির্লিঙ্গের ধ্যান ও পুজো করতে পারেন।

5. সিংহ রাশির জাতকরা বিহারের দেবঘরে অবস্থিত বৈদ্যনাথ জ্যোতির্লিঙ্গের স্মরণ ও দর্শন করবেন। এখানে সিদ্ধি, ধুতরো দিয়ে শিব পুজো করলে বিশেষ ফলাফল লাভ করা যায়।

6. কন্যা রাশির জাতকরা মহারাষ্ট্রের ভীমা নদীতে অবস্থিত ভীমশঙ্কর জ্যোতির্লিঙ্গের ধ্যান করবেন। দুধে ঘি মিশিয়ে ভীমশঙ্কর জ্যোতির্লিঙ্গের অভিষেক করলে অক্ষয় আশীর্বাদ পাওয়া যায়।

7. শিবস্বরূপ। দুধে মিষ্টি বাতাসা মিলিয়ে রামেশ্বরম জ্যোতির্লিঙ্গের স্নান করালে শিব প্রসন্ন হন। এই জ্যোতির্লিঙ্গে আকন্দ ফুল নিবেদন করা শুভ। তুলা রাশির জাতকদের সম্পর্ক রয়েছে।

8. অন্য দিকে নাগেশ্বর জ্যোতির্লিঙ্গের সঙ্গে বৃশ্চিক রাশির জাতকদের সম্পর্ক রয়েছে। দুধ, মুড়ি দিয়ে এই জ্যোতির্লিঙ্গের স্নান করানো শুভ। এর পর গাঁদা ফুল ও বেলপাতা দিয়ে শিবলিঙ্গের শৃঙ্গার করে নাগেশ্বর জ্যোতির্লিঙ্গের ধ্যান করুন।

9. জ্যোতিষ অনুযায়ী ধনু রাশির জাতকদের বারাণসী অবস্থিত বিশ্বনাথ জ্যোতির্লিঙ্গের ধ্যান, দর্শন ও পুজো করুন। গঙ্গাজলে জাফরান মিশিয়ে শিবলিঙ্গের স্নান করালে সুফল পাবেন।

10. মকর রাশির জাতকদের ত্র্যম্বকেশ্বর জ্যোতির্লিঙ্গের দর্শন করা উচিত। গঙ্গাজলে গুড় মিশিয়ে শিবলিঙ্গের অভিষেক করা শুভ। ত্র্যম্বকেশ্বর জ্যোতির্লিঙ্গে নীল ফুল, ধুতরো অর্পণ করা উচিত।

11. কুম্ভ জাতকদের কেদারনাথ জ্যোতির্লিঙ্গের দর্শন করা উচিত। পঞ্চামৃত, পদ্মফুল ও ধুতরো এই জ্যোতির্লিঙ্গে নিবেদন করতে পারেন। এর ফলে মহাদেবের আশীর্বাদ বর্ষিত হবে।

12. অন্য দিকে মীন রাশির জাতকরা ঘৃষ্ণেশ্বর জ্যোতির্লিঙ্গের ধ্যান ও পুজো করতে পারেন। মহারাষ্ট্রের ঔরঙ্গাবাদে অবস্থিত এই জ্যোতির্লিঙ্গে ঘি ও মধু নিবেদন করলে সুফল পাওয়া যায়।

Published on: Jan, 14 2025 10:34